দৈনিক ইনকিলাব

তারিখ ... ... JAN 23 2000 ...
পৃষ্ঠা ১৩ কলাম ৫

# কলেজ-বিশ্ববিদ্যালয়ে ইসলামী শিক্ষা বন্ধের পাঁয়তারা

ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার থেকে ইসলামকে চিরতরে উৎখাত করার জন্য উঠেপড়ে লেগেছে বলে মনে হয়। মুসলমানদের ঈমান-আকীদা ধ্বংস করে দ্বীনের পথ থেকে ফিরিয়ে রাখার জন্য একদিকে যেমন বিজাতীয় সংস্কৃতির সয়লাবে দেশকে ভাসিয়ে দিয়েছে, অন্যদিকে দ্বীনের আলোর একমাত্র উৎস দেশের কাওমী ও আলিয়া পদ্ধতি মাদ্রাসাগুলোকে বন্ধের ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। তৌহিদী জনতার প্রতিরোধের মুখে ষড়যন্ত্র পুরিপূর্ণ সফল না হলেও ২৫১টি মাদ্রাসা সম্পূর্ণ অযৌক্তিকভাবে বন্ধ করে দিয়েছে। বিশ্ববিদ্যালয়ে মাদ্রাসার ছাত্রদের ভর্তি সম্পূর্ণ অন্যায়ভাবে সংকুচিত করে দিয়েছে। মুসলমানদেরকে নামাজ থেকে বিরত রাখার জন্য গুণ্ডা বাহিনী লেলিয়ে দিয়ে নামাজী ছাত্র-ছাত্রীদেরকে পিটিয়ে বিশ্ববিদ্যালয়ের হল থেকে বের করে দিয়েছে। মসজিদের ভেতরে বোমা আতংকের সৃষ্টি করেছে। এমনকি ইসলামের নাম-নিশানা মুছে ফেলার জন্য কলেজ-বিশ্ববিদ্যালয় থেকে ইসলামী শিক্ষা, ইসলামের ইতিহাস ও ইসলামী অর্থনীতি ইত্যাদি বিষয়সমূহ বন্ধ করে দেয়ার পাঁয়তারা করছে। তাই সরকারের প্রতি অনুরোধ এসব পদক্ষেপ থেকে বিরত থাকুন।

–মোঃ মোবারক আজীম
খতীব সরকার বাড়ী জামে মসজিদ,
পোঃ বেলতলী বাজার, মতলব, চাঁদপুর।